নিম্নলিখিত সুযোগসুবিধাসহ আমরা আপনাকে প্রয়োজনীয় পরামর্শ ও সাহায্য সহোযোগিতা সবই করব যাতে আপনি জড়িত থাকতে পারেন:

- হাউজিং সম্পর্কে আপনার দক্ষতা, জ্ঞান ও সচেতনতা বৃদ্ধি করার জন্য ট্রেনিং;
- চাইল্ডকেয়ার ও যাতায়াত খরচ প্রদান; এবং
- ইভেন্ট ও মিটিং-এ হালকা নাস্তা।

এছাড়াও আমরা নিয়মিত রেসিডেন্টস' সার্ভে পরিচালনা করব, প্রতিক্রিয়া জানাব এবং আপনাকে একটি নিউজ লেটার পাঠাব (২০০৮-এর সংখ্যা-১০)।

আমাদের বাসিন্দা অংশগ্রহণের ঘোষনাপত্র যেকোন ব্যাকগ্রাউন্ড বা অভিজ্ঞতার লোকদের অংশগ্রহণের সুযোগ করে দেয়।

আমাদের সার্ভিস রিভিউ প্রগ্রাম আপনাকে কমিউনিটি ও জীবনযাত্রার মান উন্নয়নে প্রদত্ত সেবাগুলোকে প্রভাবিত করার জন্য সুযোগ প্রদান করে।

আমরা আপনাদের অংশগ্রহণকে কিভাবে যাচাই ও তদারকি করি

আপনি যেসব কর্মকান্ডে অংশগ্রহণ করেন সেগুলো কতটা সফল তা দেখার জন্য আমরা সেগুলোর রেকর্ড রাখি। আপনার অংশগ্রহণে যে পরিবর্তনটুকু এসেছে সেসম্পর্কে আমরা আপনাকে জানাব।

আমরা প্রতিবছর বাসিন্দা অংশগ্রহণের ফলাফল মূল্যায়ন (রেসিডেন্ট ইনভলবমেন্ট ইমপ্যাক্ট এ্যাসেসমেন্ট) তৈরী করব।

“নতুন বাসিন্দারা জড়িত হয়ে নতুন ধারনা এনে আমরা যা করছি তাকে আরো উন্নত করবে।”

কেট স্মিথ, রেসিডেন্টস' ফোরাম সদস্য

কৌশল (স্ট্রাটেজি)

আমরা ২০১০ সালে বাসিন্দাদের অংশগ্রহণের কৌশল (রেসিডেন্ট ইনভলব্‌মেন্ট স্ট্রাটেজি) পর্যালোচনা করব। প্রতিবছর এই ঘোষনাপত্রে পরিবর্তন আনা হবে যাতে আপনাদের চাহিদামত হয় এবং গেটওয়েতে আপনার অংশগ্রহণে সহায্য করে।

আমরা প্রতি বছর আপনাদের অংশগ্রহণের নতুন টার্গেট নির্ধারন করব।

আপনি চাইলে আমাদের বাসিন্দাদের অংশগ্রহণের কৌশল (রেসিডেন্ট ইনভলব্‌মেন্ট স্ট্রাটেজি) এবং কর্ম পরিকল্পনার (এ্যাকশন প্লাণ) কপি পেতে পারেন। এর কপির জন্য আমাদের সাথে ০২০ ৮৭০৯ ৪৩০০ নম্বরে যোগাযোগ করুন।

Awarded for excellence INVESTOR IN PEOPLE North River Alliance

Gateway Housing Association 409-403 Mile End Road, London, E3 4PB
Tel: 020 8709 4300 **Fax:** 020 8709 4400
Email: enquiries@gatewayhousing.org.uk **www.gatewayhousing.org.uk**

RECYCLED PAPER

Corporate member of Plain English Campaign 401
Committed to clearer communication

Published August 2008

বাসিন্দা অংশগ্রহণের ঘোষনাপত্র ২০০৮-২০০৯

‘আমাদের সবকিছুর মূল লক্ষ্য আমাদের বাসিন্দাগণ’

gateway
housing association

গেটওয়ে হাউজিং এ্যাসোসিয়েশনে আমরা বিশ্বাস করি আমাদের সব কাজের মধ্যমনি হচ্ছেন আপনারা। আমাদের সব ধরণের সেবায় আপনাদের অংশগ্রহণই আমাদের লক্ষ্য।

যেসব কমিউনিটিকে আমরা সেবা প্রদান করি তাদের কাছেই আমরা দায়ী। আর আমারাই আপনাদের অংশগ্রহণের সুযোগ করে দিব।

আমরা জানি যে 'সব প্রশ্নের এক জবাব হয়না'। তাই আপনাদের সব রকম অংশগ্রহণই আমাদের কাছে মূল্যবান।

আমাদের যেসব বাসিন্দা এই প্রকৃয়ার প্রতিটি স্তরে অংশগ্রহণ করেছেন তারা যৌথভাবে বাসিন্দা অংশগ্রহণের ঘোষনাপত্র (রেসিডেন্ট ইনভলবমেন্ট স্টেটমেন্ট) গ্রহণ করেছেন।

“গেটওয়ে বাসিন্দাদের মতামত শোনে এবং তা মূল্যায়ন করে। তারা বাসিন্দাদের প্রয়োজনীয় ট্রেনিং ও সহায়তা দেয় যাতে বাসিন্দারা অংশগ্রহণ করতে পারেন।”

স্যু ইজ্জেট, রেসিডেন্ট ফোরাম মেম্বার ও সেন্ট্রাল ওশন রেসিডেন্টস' এ্যাসোসিয়েশনের (কোরা) সভাপতি

আমাদের বাসিন্দা অংশগ্রহণের ঘোষনাপত্রের প্রয়োজন কি?

আমরা হাউজিং কর্পোরেশন কর্তৃক নিয়ন্ত্রিত এবং তারা চায় নিম্নলিখিত উপায়ে আমারা বাসিন্দাদের খেদমত করি:

- আপনাদের সাথে কথা বলে মতামত জানা ও অগ্রাধিকার ভিত্তিক কাজগুলো সম্পর্কে জানা;
- আমাদের ব্যবসার পরিকল্পনায় আপনাদের মতামতকে কাজে লাগানো;
- আপনাকে (এবং যাদের আগ্রহ আছে তাদেরকে) আমাদের কাজের উপর মন্তব্য করার সুযোগ দেয়া;
- সিদ্ধান্ত গ্রহণের প্রকৃয়ায় আপনাদের অংশগ্রহণে সহায়তা করা; এবং
- আমরা যেসব সার্ভিস দেই তার ব্যবস্থাপনায় আপনাদের মতামত দেয়ার সুযোগ দেয়া।

হাউজিং কর্পোরেশন চায় যে আমরা একটি স্পষ্ট বাসিন্দা অংশগ্রহণের ঘোষনাপত্র প্রস্তুত করি এবং অপনারা কিভাবে অংশগ্রহণ করেছেন তা দেখাই।

এছাড়াও তারা চান আমরা নিয়মিতভাবে অবশ্যই এই ঘোষনাপত্র যাচাই করি এবং আমরা কিভাবে উন্নত সার্ভিস প্রদান করছি তা দেখাই।

আপনাদেরকে জড়িত করা

আপনারা অংশগ্রহণ করতে পারেন এমন সুযোগসুবিধাগুলো জানিয়ে আমরা একটি তালিকা প্রকাশ করব। আমরা জানি যে আপনি বিভিন্নভাবে অংশগ্রহণ করতে চাইতে পারেন।

আমরা বিশ্বাস করি যে সার্ভিস পর্যালোচনায় বাসিন্দাদের অংশগ্রহণ আমাদের সেবার মান বাড়াতে সহায্য করে। আমাদের সকল বোর্ড মেম্বার ও কর্মচারীরা আপনাদের সেবায় নিয়োজিত।

আপনাদের বাড়ি ও প্রদত্ত সার্ভিস সংক্রান্ত সিদ্ধান্তকে আপনারা যাতে প্রভাবিত করতে পারেন তা নিশ্চত করতে আমরা ওয়াদাবদ্ধ। আমরা যা করব:

- আমদের নীতিমালা, এর পরিবর্তন কিংবা আপনার টেনান্সিকে প্রভাবিত করতে পারে এমন বিষয়গুলো সম্পর্কে আমরা আপনাকে জানাব;
- নীতিমালার পরিবর্তন কিংবা আপনার টেনান্সিকে প্রভাবিত করতে পারে এমন বিষয়গুলো সম্পর্কে আমরা আপনার সাথে আলোচনা করব;
- আমাদের সার্ভিসের মান সম্পর্কে আপনার মতামত এবং আমাদের কাছ থেকে আপনি কি আশা করেন তা জানতে চাইব;
- আপনার এলাকার সিদ্ধান্ত গ্রহণে জড়িত হওয়ার জন্য আপনাকে উৎসাহিত করব;
- আমরা আপনাকে টেন্যান্টস' ও রেসিডেন্টস' এ্যাসোসিয়েশন (টিআরএ) গঠণ করা ও তা পরিচালনার সুযোগ দেব;
- ভালো-প্রতিবেশী চুক্তি (গুড-নেইবার এগ্রিমেন্ট) চালু করব;
- রেসিডেন্টস' কিংবা রেসিডেন্টস' প্যানেল থেকে আমাদের হাউজিং এ্যাসোসিয়েশনের ব্যবস্থাপনায় আপনাদেরকে অংশগ্রহণের সুযোগ দেব;
- আপনাকে কমিটি মেম্বার হওয়ার সুযোগ দেব;
- স্থানীয়ভাবে আপনাদের বাড়িগুলোকে দেখাশুনা করার সুযোগ দেব;
- আপনাকে স্থানীয় অর্থনৈতিক, সামাজিক ও কমিউনিটির কর্মকান্ডে অংশগ্রহণের জন্য সহায়তা করব; এবং
- একটি মজবুত কমিউনিটি গড়তে স্থানীয় প্রকল্পগুলোকে উৎসাহিত করব ও প্রয়োজনীয় সহায়তা দেব যেখানে লোকজন বর্তমাণে ও ভবিষ্যতে কাজ করতে চাইবেন।

আমরা এসব কিভাবে করব

আমরা চাই যে আমাদের সকল বাসিন্দা একই ধরণের সুযোগসুবিদা পাবেন ও অংশগ্রহণ করবেন এবং অংশগ্রহণ করার জন্য আপনার মানানসই স্তর আপনি পছন্দ করতে পারবেন। আপনার জড়িত না হওয়ার সিদ্ধান্তকেও আমরা শ্রদ্ধা করি। সবাই যাতে সঠিকভাবে বিবেচিত হন তা নিশ্চিত করতে বাসিন্দাদের সকল সংগঠনগুলোকে অবশ্যই আমাদের ডাইবারসিটি স্ট্রাটেজিতে অংশগ্রহণ করতে হবে। এ জন্য আমরা আপনাদের সাহায্য করব।

“আমি যাদেরকে জানি তারা সবাই গেটওয়ের খুব প্রশংশা করে।”

ব্রায়ান ল্যাফারটি, রেসিডেন্টস' ফোরামের সভাপতি